**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ১০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ/২৪ মে, ২০২১ খ্রিষ্টাব্দ**

**এস.আর.ও. নং- ১২৬-আইন/২০২১/১৫/কাস্টমস।**— Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, বাংলাদেশ-ইন্ডিয়া ফ্রেন্ডশিপ পাওয়ার কোঃ (প্রাঃ) লিঃ (বিআইএফপিসিএল) কর্তৃক খুলনা বিভাগের বাগেরহাট জেলার রামপাল ১৩২০ মেঃওঃ (কয়লাভিত্তিক) মৈত্রী সুপার থারমাল পাওয়ার প্রজেক্ট এর বাস্তবায়নের লক্ষ্যে বিদ্যুৎ উৎপাদনের নিমিত্ত বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপন ও পরিচালনার লক্ষ্যে স্থায়ীভাবে আমদানিকৃত প্লান্ট ও ইক্যুইপমেন্ট (plant & equipment) এবং অস্থায়ীভাবে আমদানিকৃত ইরেকশন ম্যাটেরিয়ালস (erection materials), যন্ত্রপাতি ও যন্ত্রাংশের উপর আরোপণীয় আমদানি শুল্ক, রেগুলেটরি ডিউটি, মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক নিম্নবর্ণিত শর্তসমূহ প্রতিপালন সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথা:-

**শর্তসমূহ:**

(১) বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার কর্মকর্তা বা বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান, অতঃপর প্রত্যয়নকারী কর্তৃপক্ষ বলিয়া অভিহিত, এর নিকট হইতে পরিশিষ্ট-১ এ বিধৃত বিষয়ে চালানওয়ারী একটি প্রত্যয়নপত্র আমদানিকৃত যন্ত্রপাতি, প্লান্ট ও ইক্যুইপমেন্ট খালাসের সময় সংশ্লিষ্ট শুল্ক স্টেশনে দাখিল করিতে হইবে;

(২) সংশ্লিষ্ট যন্ত্রপাতি প্লান্ট ও ইক্যুইপমেন্ট বাণিজ্যিক উৎপাদন শুরু করিবার পূর্বেই আমদানি করিতে হইবে;

(৩) আমদানিকারক প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট প্রতিটি প্লান্ট ও ইক্যুইপমেন্ট এর চালান খালাসের প্রাক্কালে বিল অব এন্ট্রির সহিত পণ্যের বিস্তারিত বিবরণ উল্লেখপূর্বক প্যাকিং লিস্ট দাখিল করিতে হইবে;

(৪) প্রতিটি চালান খালাসের পূর্বে আমদানিকারক প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট কমিশনার বরাবর পরিশিষ্ট-২ অনুযায়ী একটি অঙ্গিকারনামা দাখিল করিতে হইবে;

(৫) বিদ্যুৎ উৎপাদনের সহিত সরাসরি সম্পর্কিত নয়, বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে ব্যবহার্য নহে এবং বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপনের জন্য প্রয়োজনীয় ইরেকশন ম্যাটেরিয়ালস, যন্ত্রপাতি ও যন্ত্রাংশও নহে এইরূপ পণ্য, যেমন: অফিস

সরঞ্জামাদি, এয়ারকন্ডিশনার, রেফ্রিজারেটর, যানবাহন, গৃহস্থালী ইত্যাদি দ্রব্যাদির উপর এই প্রজ্ঞাপনের আওতায় রেয়াতী সুবিধা প্রযোজ্য হইবে না;

(৬) এই প্রজ্ঞাপনের আওতায় রেয়াতি স্থায়ীভাবে আমদানিকৃত প্লান্ট ও ইক্যুইপমেন্ট এবং অস্থায়ীভাবে আমদানিকৃত ইরেকশন ম্যাটেরিয়ালস, যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানিকালে উহাদের উপর আরোপণীয় শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে বিক্রয় বা অন্যভাবে হস্তান্তর করা যাইবে না;

(৭) অস্থায়ীভাবে আমদানিকৃত ইরেকশন ম্যাটেরিয়ালস, যন্ত্রপাতি ও যন্ত্রাংশ বাণিজ্যিক উৎপাদন শুরু পূর্বে যে কোনো সময় আমদানি হইতে হইবে এবং বাণিজ্যিক উৎপাদন শুরু হওয়ার ৬ (ছয়) মাসের মধ্যে বিদেশে ফেরত পাঠাইতে হইবে;

(৮) যেই সকল ইরেকশন ম্যাটেরিয়ালস, যন্ত্রপাতি ও যন্ত্রাংশ ব্যবহারের ফলে সম্পূর্ণ নিঃশোষিত বা ব্যবহারের অযোগ্য হইয়া যায়, উহার বিবরণ সম্বলিত একটি তালিকা প্রত্যয়নকারী কর্তৃপক্ষ পূর্বাহ্নেই জাতীয় রাজস্ব বোর্ড এবং সংশ্লিষ্ট শুল্ক স্টেশনের কমিশনার অব কাস্টমসকে অবহিত করিবেন এবং এইরূপ ইরেকশন ম্যাটেরিয়ালস, যন্ত্রপাতি ও যন্ত্রাংশ উক্ত পত্রের আওতায় শুল্ক ও কর মুক্তভাবে খালাসযোগ্য হইবে;

(৯) যদি কোনো ইরেকশন ম্যাটেরিয়ালস, যন্ত্রপাতি ও যন্ত্রাংশ ভাঙ্গিয়া যায় বা ব্যবহারের সম্পূর্ণ অযোগ্য হইয়া পড়ে সেই ক্ষেত্রে উক্ত পণ্য ব্যবহারের অযোগ্য হওয়ার ৩ (তিন) মাসের মধ্যে সংশ্লিষ্ট শুল্ক স্টেশনের কমিশনার অব কাস্টমসকে অবহিত করিলে এবং ৬ (ছয়) মাসের মধ্যে উহা সংশ্লিষ্ট শুল্ক স্টেশনে জমা প্রদান করিলে উক্ত ইরেকশন ম্যাটেরিয়ালস, যন্ত্রপাতি ও যন্ত্রাংশ উক্ত পত্রের আওতায় শুল্ক-কর অব্যাহতি প্রাপ্ত হইবে এবং উক্তরূপ জমাকৃত অব্যবহৃত ইরেকশন ম্যাটেরিয়ালস, যন্ত্রপাতি ও যন্ত্রাংশ প্রচলিত নিয়মে নিষ্পত্তি হইবে।

২। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত বিশেষ আদেশ নং- ৩৭৩/৬৫৫, তারিখ : ১৩/১২/২০১৮ খ্রি: এতদ্দ্বারা বাতিল করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**পরিশিষ্ট-১**

[শর্ত (১) দ্রষ্টব্য]

**প্রত্যয়নপত্র**

প্রত্যয়ন করা যাইতেছে যে, বাংলাদেশ-ইন্ডিয়া ফ্রেন্ডশিপ পাওয়ার কোঃ (প্রাঃ) লিঃ (বিআইএফপিসিএল) সরকারি বা বেসরকারি খাতে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপনের লক্ষ্যে বাংলাদেশ সরকারের সহিত চুক্তিবদ্ধ একটি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি এখনও বাণিজ্যিক উৎপাদনে যায় নাই। প্রত্যয়নাধীন যন্ত্রপাতি প্লান্ট ও ইক্যুইপমেন্ট বিদ্যুৎ উৎপাদনের সহিত সরাসরি সম্পর্কিত এবং সম্পাদিত চুক্তির কেবল বিদ্যুৎ উৎপাদনের

নিমিত্ত বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য আমদানিকৃত। উক্ত প্রতিষ্ঠান কর্তৃক ইনভয়েস নং ...................................... তারিখ ......................... বিল অব লেডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্ট নং .............................. তারিখ ........................ এ উল্লিখিত বিবরণ, পরিমাণ ও মূল্য অনুযায়ী আমদানিকৃত প্লান্ট ও ইক্যুইপমেন্ট উক্ত কেন্দ্রে ব্যবহৃত হইবে।

তারিখ:

স্বাক্ষর :..................................................
নাম :..................................................
পদবি :..................................................
সীল :.................................................

**পরিশিষ্ট-২**

[শর্ত (৪) দ্রষ্টব্য]

**অঙ্গিকারনামা**

আমি/আমরা এই মর্মে অঙ্গিকার ও প্রত্যয়ন করিতেছি যে, ইনভয়েস নং ............................ তারিখ, .......................... বিল অব লেডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্ট নং ........................................ তারিখ, ...................... এর মাধ্যমে আমদানিকৃত প্লান্ট ও ইক্যুইপমেন্ট বিদ্যুৎ উৎপাদনের সহিত সরাসরি সম্পর্কিত এবং উহা প্রতিষ্ঠিতব্য বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে স্থাপিত হইবে। আমি/আমরা আরও অঙ্গিকার করিতেছি যে, আমদানিকৃত যন্ত্রপাতি প্লান্ট ও ইক্যুইপমেন্ট বিদ্যুৎ উৎপাদনের নিমিত্তে স্থাপিতব্য আমার/আমাদের বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র অর্থাৎ রামপাল ১৩২০ মেঃওঃ (কয়লা ভিত্তিক) মৈত্রী সুপার থারমাল পাওয়ার প্রজেক্ট ব্যতীত অন্য কোনো উদ্দেশ্যে/স্থানে ব্যবহৃত/স্থাপিত হইলে আমি/আমরা আমদানিকালে উহার উপর প্রযোজ্য সকল শুল্ক ও কর পরিশোধ করিতে বাধ্য থাকিব এবং উহার জন্য Customs Act, 1969 (Act No. IV of 1969) এর আওতায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইলে আমরা তা মানিয়া লইতে বাধ্য থাকিব।

প্রতিষ্ঠানের নাম :...................................................................
ঠিকানা :...................................................................
...................................................................

স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালকের নাম ও স্বাক্ষর: ...........................

**রাষ্ট্রপতির আদেশক্রমে**

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
**সিনিয়র সচিব।**